15

দৈনিক জনকণ্ঠ

তারিখ ...30 AUG 1994... ...
পৃষ্ঠা ৮ কলাম ৭

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বাজেট পেশ

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, ২৭ আগস্ট (সংবাদদাতা)।- শুক্রবার বিকালে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সভাকক্ষে বিশ্ববিদ্যালয় সিনেটের একাদশ বার্ষিক (মুলতবী) সভা অনুষ্ঠিত হয়। সভায় '৯৪-'৯৫ আর্থিক বছরে বিশ্ববিদ্যালয়ের বাজেট পেশ করা হয়। বাজেটে আয় ২০ কোটি ৬২ লাখ টাকা এবং ব্যয় ২১ কোটি ১৫ লাখ টাকা ধরা হয়েছে। বাজেট পেশ করেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার আবদুর রশীদ। জাতীয় সঙ্গীত বাজিয়ে সিনেট সভা শুরু করা হয়। সভাপতির ভাষণে ভিসি রফিকুল ইসলাম চৌধুরী বলেন, শান্তিপূর্ণ পরিবেশ বজায় থাকলে অচিরেই 'চাকসু' নির্বাচন সম্ভব হবে।